গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

অর্জিত নিট মুনাফার পরিমাণ ৯৩৮ কোটি টাকা এবং শেয়ার হোল্ডারগণকে প্রদত্ত নগদ লভ্যাংশের পরিমাণ ৩৮৯ কোটি টাকা; সরকারি কোষাগারে নগদ লভ্যাংশ এবং করসহ অন্যান্য খাতে মোট ৬১১ কোটি টাকা জমা প্রদান; সেকেন্ডারি মার্কেটে আইসিবির লেনদেনের পরিমাণ ৪৭৭০৬ কোটি টাকা যা স্টক এক্সচেঞ্জসমূহের মোট লেনদেনের ৯.২৩%; আইসিবি ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের নিজস্ব পত্রকোষ হতে প্রায় ১০৮১৬ কোটি টাকা বিনিয়োগ; আইসিবি পরিচালিত ইউনিট ফান্ডে আকর্ষণীয় হারে লভ্যাংশ প্রদান; ৩৯টি প্রকল্পে ১৭৪৭ কোটি টাকা ঋণ বিতরণ এবং ঋণ আদায় ৩০৮ কোটি টাকা; পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের ৯০০.০০ কোটি টাকার সহায়তা তহবিলের যথাযথ ব্যবস্থাপনা; 'আইসিবি কুপন-বিয়ারিং নন-কনভার্টিবল ফুললি রিডেমেবল সাব-অর্ডিনেটেড বন্ড' নামে ২০০০.০০ কোটি টাকার বন্ড ইস্যু; ইইএফ/ইএসএফ এর অধীনে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত কৃষি ও আইটি খাতে প্রায় ১০১৭টি প্রকল্পে প্রায় ৫০৮৫০ জন লোকের কর্মসংস্থান।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কোভিড-১৯ এর কারণে কর্পোরেশনের নিট মুনাফা ব্যাপকভাবে হ্রাস পাওয়ার বিপরীতে সুদ ব্যয় বৃদ্ধি অব্যাহত থাকা; পুঁজিবাজারের স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে মুদ্রাবাজার হতে পরিবর্তনশীল সুদ হারে সংগৃহীত তহবিলের উপর নির্ভরশীলতা ও স্বল্পমেয়াদে তহবিল সংগ্রহপূর্বক দীর্ঘমেয়াদি বিনিয়োগের ফলে কর্পোরেশনের কস্ট অফ ফান্ড/সুদ ব্যয় বৃদ্ধি; বিপুল পরিমাণ মার্জিন ঋণ অনাদায়ী থাকা ও বিনিয়োগকারীগণের ক্রয় ক্ষমতা হ্রাস; প্রকৃত, সম্ভাবনাময় ও দক্ষ উদ্যোক্তা শ্রেণির অভাব; গবেষণাভিত্তিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় লোকবল ও লজিস্টিক সাপোর্টের সীমাবদ্ধতা; শ্রেণিকৃত ঋণ আদায়ে দীর্ঘসূত্রিতা; সমজাতীয় কোন একক বৃহৎ প্রতিষ্ঠান না থাকায় বিনিয়োগ প্রত্যাহারের ক্ষেত্রে সমস্যা; রাজস্ব আয়ের ক্ষেত্রে পোর্টফোলিও-এর ব্যবস্থাপনা আয়ে অধিক মাত্রায় নির্ভরশীলতা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

যেকোন উপায়ে সরকারের সহায়তায় বিকল্প উৎস হতে স্বল্প সুদে তহবিল সংগ্রহপূর্বক বিদ্যমান উচ্চ সুদ হারে গৃহিত টার্ম ডিপোজিট পরিশোধের উদ্যোগ গ্রহণ; পুঁজিবাজারের গতিশীলতা ও ক্ষুদ্র বিনিয়োগকারীর আস্থা ধরে রাখার প্রয়োজনে ক্রমাগত মার্কেট সাপোর্ট প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক একটি মার্কেট সাপোর্ট ফান্ড গঠনে উদ্যোগ গ্রহণ; CMDP চুক্তির ফলে আইসিবি'র বন্ধ হয়ে যাওয়া অন্যান্য কার্যক্রমসমূহ পুনরায় চালুসহ আইসিবি ইউনিট সার্টিফিকেট পুনরায় বিক্রয় চালুকরণের উদ্যোগ গ্রহণ; রূপকল্প ও এসডিজির আলোকে স্বাস্থ্য, জ্বালানী, অবকাঠামোসহ উন্নয়নের সাথে সংশ্লিষ্ট প্রকল্পসমূহে বিনিয়োগ ও অগ্রিম সহায়তা প্রদানের মাধ্যমে দেশের শিল্পায়নের গতি ত্বরান্বিতকরণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; পুঁজিবাজারে ভাল শেয়ার সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে সরকারি শেয়ারসহ সম্ভাবনাময় কোম্পানির পাবলিক ইস্যু ও আন্ডাররাইটিং কার্যক্রম জোরদারকরণ; জাতীয় সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধির লক্ষ্যে মিউচ্যুয়াল ফান্ডের সার্টিফিকেট বিক্রয় বৃদ্ধি এবং মার্কেট পার্টিসিপেন্ট বৃদ্ধির উদ্যোগ গ্রহণ; ডিজিটাল বাংলাদেশ গঠনে সরকারের প্রয়াসের সাথে সামঞ্জস্য রেখে কার্যকর ইন্টিগ্রেটেড MIS ব্যবস্থার উন্নয়ন; তথ্য নিরাপত্তার জন্য যশোরে ডিআরএস (DRS) স্থাপনের কার্যক্রম ত্বরান্বিতকরণ; ঋণ মান উন্নয়নের লক্ষ্যে শ্রেণিকৃত ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ; কৃষি ও আইটি খাতে উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ইএসএফ এর কার্যক্রম গতিশীলকরণ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পুঁজিবাজারে ১৫০০ কোটি টাকা বিনিয়োগ এবং স্টক এক্সচেঞ্জসমূহে ৭% লেনদেন;
- ঋণ (মার্জিন, প্রকল্প) বিতরণ ও আদায় যথাক্রমে ৩৫০ কোটি ও ৫২০ কোটি টাকা এবং শ্রেণিকৃত ঋণ ও অগ্রিমের হার হ্রাসকরণ;
- ৬টি কোম্পানির ইস্যু ম্যানেজমেন্ট এবং ৪টি কোম্পানির আন্ডাররাইটিং;
- ১০০০ সংখ্যক মার্কেট পার্টিসিপেন্ট সৃষ্টি এবং ২৮০ কোটি টাকার মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট বিক্রয়;
- ৫টি মিউচ্যুয়াল ফান্ড ও বন্ডের ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন;
- গ্রাহকসেবা সহজীকরণ এবং অভ্যন্তরীণ কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমন্বিত MIS ব্যবস্থা উন্নতকরণ;
- ইইএফ/ইএসএফ হতে ২৫ কোটি টাকা বিতরণ এবং ৩০ কোটি টাকা আদায়।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

নেতৃত্বস্থানীয়, দায়িত্বশীল এবং উদ্ভাবনী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিজেদেরকে এমনভাবে প্রতিষ্ঠা করা যাতে আমাদের ক্রমবর্ধমান অর্থনীতিতে অবদান রাখার পাশাপাশি এর সুফল উপভোগ করা যায়।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিকশিত পুঁজিবাজার এর মাধ্যমে কর্পোরেশনকে একটি দায়িত্বশীল প্রতিষ্ঠান, ফাইন্যান্সিয়াল আর্কিটেক্ট, উদ্ভাবনমূলক সমাধান প্রণেতা এবং পারফরমেন্স লিডার এ রূপান্তর করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং মার্চেন্ট ব্যাংকিং ও মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন;
২. ঋণ মান এবং পরিসেবার মানোন্নয়ন
৩. সমন্বিত MIS ও প্রযুক্তি ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি;
৪. দেশের স্বর্থে ইক্যুইটি সাপোর্ট ফান্ড (ইএসএফ)-এর ব্যবস্থাপনার মাধ্যমে উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টি;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কর্পোরেশনের নিজস্ব ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের পোর্টফোলিও ব্যবস্থাপনাসহ মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট ফান্ডসমূহের পোর্টফোলিও ব্যবস্থাপনা, বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা। উদ্যোক্তা ও বিনিয়োগকারীদের পরামর্শ প্রদান, ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন। মার্জিন ও নন-মার্জিন হিসাব পরিচালনাসহ মার্চেন্ট ব্যাংকিং ও স্টক ব্রোকারেজ কার্যক্রম পরিচালনা।
২. প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয়-বিক্রয়, এককভাবে ও সিন্ডিকেটের মাধ্যমে লিজ অর্থায়ন, ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন এবং ব্যাংক গ্যারান্টি প্রদান, ইউনিট ফান্ড ও মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান।
৩. রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ, যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ, মার্জার, একুইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রমে সহায়তা প্রদান, বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসার উদ্ভাবন ও পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনা।
৪. ইকুইটি সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর ব্যবস্থাপনা এবং নির্দেশনানুযায়ী বিভিন্ন সময়ে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| কর্পোরেশনের মুনাফা অর্জন | মোট আয় | কোটি টাকা | ১৪৭৭.১৭ | ১২৯৮.০০ | ১৪০০.০০ | ১৪৫০.০০ | ১৫০০.০০ | - | সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট ও বার্ষিক প্রতিবেদন |
| সঞ্চয় সংগ্রহ ও বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ | মার্কেট পার্টিসিপেন্ট | সংখ্যা | ১২৮৭ | ৯৫৩ | ১০০০ | ১২৫০ | ১৫০০ | - | সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট ও বার্ষিক প্রতিবেদন |
| কার্যকর পুঁজিবাজার গঠনে চাহিদা ও যোগানের ভারসাম্য রক্ষায় সহায়তাকরণ | পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির সংখ্যা বৃদ্ধি | সংখ্যা | ৬ | ৮ | ৬ | ৮ | ১০ | বিএসইসি, ডিএসই,সিএসই | সংশ্লিষ্ট সাবসিডিয়ারি |
| সিকিউরিটিজ ও তারল্যের সমন্বয় সাধন | মিউচ্যুয়াল ফান্ড খাতে বিনিয়োগ বৃদ্ধি | কোটি টাকা | ৯২ | ৩২১.৫৫ | ২৮০.০০ | ৩০০.০০ | ৩২৫.০০ | - | সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট ও সাবসিডিয়ারি |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং মার্চেন্ট ব্যাংকিং ও মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন; | ৫৩ | [১.১] পুঁজিবাজারে বিনিয়োগ | [১.১.১] স্টক এক্সচেঞ্জসমূহে আইসিবির লেনদেনের পরিমাণ | সমষ্টি | শতকরা হার | ৭ | ৯১৪৯.৯১ | ৬৪৩৮.০০ | ৭ | ৬ | ৫ | ৪.৫ | ৪ | ৭.৫ | ৮ |
| | | | [১.১.২] বিনিয়োগের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৬ | ২৪০৯.৪৩ | ২১৩০.০০ | ১৫০০.০০ | ১৪০০.০০ | ১৩০০.০০ | ১২০০.০০ | ১১০০.০০ | ১৮০০.০০ | ২০০০.০০ |
| | | [১.২] মার্কেট পার্টিসিপেন্ট | [১.২.১] গ্রাহক বৃদ্ধি | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৩৯৪ | ৯৩১ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১১০০ | ১২০০ |
| | | [১.৩] মার্চেন্ট ব্যাংকিং | [১.৩.১] ইস্যু ম্যানেজমেন্ট | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ৮ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৮ |
| | | | [১.৩.২] আন্ডাররাইটিং | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫ | ৬ | ৪ | ৩ | ৩ | ২ | ১ | ৭ | ৮ |
| | | [১.৪] মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা | [১.৪.১] ট্রাস্টি ও কাস্টোডিয়ান | সমষ্টি | সংখ্যা | ৬ | ০ | ০ | ৫ | ৪ | ৪ | ৪ | ৩ | ৫ | ৬ |
| | | | [১.৪.২] নতুন মিউচ্যুয়াল ফান্ড-এর ইস্যুকরণের অনুমোদন গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | | [১.৪.৩] সার্টিফিকেট বিক্রয়ের পরিমাণ (সিআইপিসহ) | সমষ্টি | কোটি টাকা | ৫ | ৯১.৭২ | ৩১৭.০০ | ২৮০.০০ | ২৭০.০০ | ২৬০.০০ | ২৫০.০০ | ২২০.০০ | ৩০০.০০ | ৩২০.০০ |
| | | [১.৫] ঋণ বিতরণ | [১.৫.১] বিতরণ (মার্জিন ঋণ) | সমষ্টি | কোটি টাকা | ২ | ৫৭৯.৩৫ | ৩৯৮.০০ | ৩০০.০০ | ২৫০.০০ | ২০০.০০ | ১৫০.০০ | ১২০.০০ | ৩৫০.০০ | ৪০০.০০ |
| | | | [১.৫.২] বিতরণ (প্রকল্প ঋণ) | সমষ্টি | কোটি টাকা | ১ | ৬৪৬.৫৬ | ৫৮.০০ | ৫০.০০ | ৪৫.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৬৫.০০ |
| | | [১.৬] ঋণ আদায় | [১.৬.১] আদায় (মার্জিন ঋণ) | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৩২৬.০০ | ৪৫৯.০০ | ৪০০.০০ | ৩৫০.০০ | ৩০০.০০ | ২৫০.০০ | ২২০.০০ | ৪৫০.০০ | ৫০০.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৬.২] আদায় (প্রকল্প ঋণ) | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৮৫.৬৫ | ১২২.০০ | ১২০.০০ | ১১০.০০ | ১০০.০০ | ৯০.০০ | ৮০.০০ | ১৩০.০০ | ১৫০.০০ |
| [২] ঋণ মান এবং পরিসেবার মানোন্নয়ন | ৮ | [২.১] শ্রেণিকৃত ঋণ আদায় | [২.১.১] আদায়ের পরিমাণ (প্রকল্প ও মার্জিন ঋণ) | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৯১.২৭ | ২২.০০ | ২০.০০ | ১৮.০০ | ১৫.০০ | ১২.০০ | ১০.০০ | ২২.০০ | ২৫.০০ |
| | | [২.২] মিমাংসিত অডিট আপত্তি | [২.২.১] নিস্পত্তিকৃত আপত্তির সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [২.৩] অবলোপনকৃত ঋণ আদায় | [২.৩.১] আদায়ের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ১ | ০.০৫ | ০ | ০.০৫ | ০.০৪ | ০.০৩ | ০.০২ | ০.০১ | ০.০৬ | ০.০৭ |
| | | [২.৪] মামলা নিস্পত্তিকরণ | [২.৪.১] নিস্পন্ন মামলা | সমষ্টি | সংখ্যা | ২ | ১৩ | ১৪ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| [৩] সমন্বিত MIS ও প্রযুক্তি ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি; | ৮ | [৩.১] আইসিটি ব্যবস্থা উন্নতকরণ | [৩.১.১] সমন্বিত MIS ব্যবস্থাপনা উন্নয়ন | তারিখ | তারিখ | ৬ | ৭৫ | ১০.০৬.২০ | ১০.০৬.২১ | ১৫.০৬.২১ | ২০.০৬.২১ | ২৫.০৬.২১ | ৩০.০৬.২১ | ১০.০৬.২২ | ১০.০৬.২৩ |
| | | [৩.২] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৩.২.১] ওয়ান স্টপ সার্ভিস (OSS) চালুকৃত শাখা/অফিস | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| [৪] দেশের স্বর্থে ইক্যুইটি সাপোর্ট ফান্ড (ইএসএফ)-এর ব্যবস্থাপনার মাধ্যমে উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টি; | ৬ | [৪.১] ইক্যুইটি ও ঋণ হিসেবে অর্থ বিতরণ | [৪.১.১] বিতরণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ২৭.২২ | ২১.০০ | ২৫.০০ | ২২.০০ | ২০.০০ | ১৮.০০ | ১৫.০০ | ২৫.০০ | ৩০.০০ |
| | | [৪.২] ইক্যুইটি ও ঋণ হিসেবে বিনিয়োগকৃত অর্থ আদায় | [৪.২.১] আদায়ের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ২৮.৫১ | ২৮.০০ | ৩০.০০ | ২৮.০০ | ২৫.০০ | ২২.০০ | ২০.০০ | ৩৫.০০ | ৪০.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

25/07/2020

ব্যবস্থাপনা পরিচালক
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

তারিখ

27/7/2020

সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইসিবি | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| ২ | ইইএফ | ইক্যুইটি অ্যান্ড এন্ট্রাপ্রেনরশীপ ফান্ড |
| ৩ | ইএসএফ | ইক্যুইটি সাপোর্ট ফান্ড |
| ৪ | ডিআরএস | ডিজাস্টার রিকভারি সাইট |
| ৫ | এসডিজি | সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল |
| ৬ | এপিএ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] পুঁজিবাজারে বিনিয়োগ | [১.১.১] স্টক এক্সচেঞ্জসমূহে আইসিবির লেনদেনের পরিমাণ | উভয় স্টক এক্সচেঞ্জে মোট লেনদেনের ৭% আইসিবি কর্তৃক সম্পাদন করা হবে। | আইএসটিসিএল | | বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.২] বিনিয়োগের পরিমাণ | কোভিড-১৯ পরিস্থিতির কারণে দীর্ঘ সময় স্টক এক্সচেঞ্জসমূহের লেনদেন বন্ধ এবং গত বছরের তুলনায় লেনদেন এবং সূচক প্রায় ৪০%-৫০% হ্রাস পাওয়ায় আর্থিক সংকট সৃষ্টির ফলে সহজ শর্তে, স্বল্প সুদে, দীর্ঘ মেয়াদি ঋণ প্রাপ্তি সাপেক্ষে এবং আইসিবির পোর্টফোলিওতে ধারণকৃত অতিরিক্ত শেয়ার স্ট্র্যাটেজিক বায়ার এর নিকট বিক্রয় করা সম্ভব হলে আইসিবি, আইসিবি পরিচালিত ইউনিট ফান্ড এবং আইসিবির সাবসিডিয়ারি কোম্পানিসমূহের নিজস্ব পোর্টফোলিও'র মাধ্যমে পুঁজিবাজারে উল্লিখিত অর্থ বিনিয়োগ করা হবে। | সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট, শাখা ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ | | বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মার্কেট পার্টিসিপেন্ট | [১.২.১] গ্রাহক বৃদ্ধি | গত বছরের তুলনায় স্টক এক্সচেঞ্জ-এর সূচক প্রায় ৪০%-৫০% হ্রাস পেয়েছে। বর্তমান অবস্থা থেকে স্টক এক্সচেঞ্জ-এর সূচক যদি ৪০-৫০% বৃদ্ধি পায় তাহলে গ্রাহক সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। | সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট, শাখা ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ | | বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] মার্চেন্ট ব্যাংকিং | [১.৩.১] ইস্যু ম্যানেজমেন্ট | শিল্পায়ন ও পুঁজিবাজারে ভালো শেয়ার সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সম্ভাবনাময় ৬টি কোম্পানির পাবলিক ইস্যু ও ৪টি কোম্পানির আন্ডাররাইটিং কার্যক্রম সম্পন্ন। | আইসিএমএল | | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.২] আন্ডাররাইটিং | শিল্পায়ন ও পুঁজিবাজারে ভালো শেয়ার সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সম্ভাবনাময় ৬টি কোম্পানির পাবলিক ইস্যু ও ৪টি কোম্পানির আন্ডাররাইটিং কার্যক্রম সম্পাদন। | আইসিএমএল | | বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা | [১.৪.১] ট্রাস্টি ও কাস্টোডিয়ান | ২০২০-২১ অর্থবছরে আরও ৫ (পাঁচ) টি মিউচ্যুয়াল ফান্ড ও বন্ডের ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালনের উদ্যোগ গ্রহণ। | সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট, আইসিএমএল | | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.২] নতুন মিউচ্যুয়াল ফান্ড-এর ইস্যুকরণের অনুমোদন গ্রহণ | মুজিব বর্ষ উপলক্ষ্যে দেশের উন্নয়নের অগ্রযাত্রায় অংশীদারিত্বের লক্ষ্যে "আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড" শিরোনামে একটি বে-মেয়াদি, বর্ধিষ্ণু (Growth) মিউচ্যুয়াল ফান্ড গঠন ও বাজারজাতকরণের কর্মসূচি গ্রহণ। | আইএএমসিএল | | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.৩] সার্টিফিকেট বিক্রয়ের পরিমাণ (সিআইপিসহ) | আইএএমসিএল এর ব্যবস্থাপনাধীন সকল মিউচ্যুয়াল ফান্ড এর ২৮০.০০ কোটি টাকা মূল্যের সার্টিফিকেট বিক্রয়। | আইএএমসিএল | | বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] ঋণ বিতরণ | [১.৫.১] বিতরণ (মার্জিন ঋণ) | বর্তমান অবস্থা থেকে স্টক এক্সচেঞ্জ-এর সূচক ৪০-৫০% বৃদ্ধি প্রাপ্তি স্বাপেক্ষে লেনদেন বৃদ্ধি ও বিনিয়োগকারী সৃষ্টির উদ্দেশ্যে ৩০০.০০ কোটি টাকার মার্জিন ঋণ বিতরণ সম্ভবপর হবে। | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট , শাখা ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ | | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৫.২] বিতরণ (প্রকল্প ঋণ) | পুঁজিবাজারে প্রাথমিক শেয়ারের যোগান বৃদ্ধির লক্ষ্যে সরকারী নির্দেশনার আলোকে শিল্পায়ন ও উদ্যোক্তা সৃষ্টির উদ্দেশ্যে ৫০.০০ কোটি টাকার প্রকল্প ঋণ ও অগ্রিম বিতরণ। | অ্যাপ্রাইজাল, লিজিং, লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ও ইমপ্লিমেন্টেশন ডিপার্টমেন্ট এবং শাখাসমূহ, | | বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] ঋণ আদায় | [১.৬.১] আদায় (মার্জিন ঋণ) | পুঁজিবাজারের লেনদেন এবং সূচক ইতিবাচক থাকা স্বাপেক্ষে ৪০০.০০ কোটি টাকার মার্জিন ঋণ আদায় সম্ভব হবে, যাতে কর্পোরেশনের তারল্য পরিস্থিতি উন্নয়নের পাশাপাশি বিনিয়োগকারীগণকে পুনরায় ঋণ প্রদান করা যায়। | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট, শাখা ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ | | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৬] ঋণ আদায় | [১.৬.২] আদায় (প্রকল্প ঋণ) | কর্পোরেশনের তারল্য পরিস্থিতি উন্নয়ন ও নতুন করে বিনিয়োগের লক্ষ্যে ১২০.০০ কোটি টাকার প্রকল্প ঋণ ও অগ্রিম আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ। | রিকভারী, ইমপ্লিমেন্টেশন, লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্ট এবং শাখাসমূহ। | | বার্ষিক প্রতিবেদন |
| [২.১] শ্রেণিকৃত ঋণ আদায় | [২.১.১] আদায়ের পরিমাণ (প্রকল্প ও মার্জিন ঋণ) | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০.০০ কোটি টাকার শ্রেণিকৃত ঋণ আদায়ের লক্ষ্যে ব্যক্তি পর্যায়ে যোগাযোগ অব্যাহত রাখা, প্রয়োজনে বন্ধকী সম্পত্তি বিক্রয়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা। শ্রেণিকৃত মার্জিন ঋণ আদায়ের লক্ষ্যে বিনিয়োগ হিসাবধারীগণের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখা এবং তাঁদেরকে ঋণ পরিশোধে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সুদ মওকুফসহ বিভিন্ন প্রণোদনামূলক ব্যবস্থা গ্রহণ। | রিকভারী ও ল' ডিপার্টমেন্ট। ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট, আইসিএমএল ও আইএসটিসিএল | | বার্ষিক প্রতিবেদন |
| [২.২] মিমাংসিত অডিট আপত্তি | [২.২.১] নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০টি অডিট আপত্তি নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ। | অডিট ডিপার্টমেন্ট। | | বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] অবলোপনকৃত ঋণ আদায় | [২.৩.১] আদায়ের পরিমাণ | অবলোপনকৃত ঋণ হতে ০.০৫ কোটি টাকা আদায়। | রিকভারী ডিপার্টমেন্ট। | | বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] মামলা নিষ্পত্তিকরণ | [২.৪.১] নিষ্পন্ন মামলা | যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমে মামলাধীন প্রকল্পের মধ্যে ন্যূনতম ১০টি মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ। | ল' ডিপার্টমেন্ট। | | বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] আইসিটি ব্যবস্থা উন্নতকরণ | [৩.১.১] সমন্বিত MIS ব্যবস্থাপনা উন্নয়ন | যুগোপযোগী তথ্য ও প্রযুক্তিগত উন্নয়নের সাথে সামঞ্জস্য রেখে কর্পোরেশনের MIS ব্যবস্থা হালনাগাদকরণ প্রক্রিয়া অব্যাহত রাখা এবং সমন্বিত MIS ব্যবস্থাপনা উন্নয়নের অংশ হিসেবে আইসিবির প্রধান ২টি আন্ত:সমন্বিত মডিউল উন্নয়নের ব্যবস্থা গ্রহণ। | হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশন, সফটওয়্যার ডিভিশন | | বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] ব্যবসা সহজীকরণ এবং ওয়ান স্টপ সার্ভিস (OSS) সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৩.২.১] ওয়ান স্টপ সার্ভিস (OSS) চালুকৃত শাখা/অফিস | ব্যবসা সহজীকরণের লক্ষ্যে ২ টি অফিস/শাখায় ওয়ান স্টপ সার্ভিস চালুকরণ। | সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট ও শাখাসমূহ | | বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] ইক্যুইটি ও ঋণ হিসেবে অর্থ বিতরণ | [৪.১.১] বিতরণের পরিমাণ | সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনার আলোকে ইইএফ/ইএসএফ এর আওতায় কৃষি ও আইটি খাতে উদ্যোক্তা সৃষ্টিসহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে ২৫.০০ কোটি টাকা ইইএফ/ইএসএফ ইক্যুইটির অর্থ বিতরণ। | ইইএফ/ইএসএফ উইং | | বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] ইক্যুইটি ও ঋণ হিসেবে বিনিয়োগকৃত অর্থ আদায় | [৪.২.১] আদায়ের পরিমাণ | ইইএফ/ইএসএফ এর অর্থ পুনঃঅর্থায়নের নিমিত্ত মেয়াদান্তে বিনিয়োগকৃত অর্থের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০.০০ কোটি টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখা। | ইইএফ/ইএসএফ উইং | | বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|